

ইবতেদায়ী স্বতন্ত্র মাদ্রাসার প্রায় ২ হাজার শিক্ষক-শিক্ষিকা ও মাসের ভাতা থেকে বঞ্চিত

ঠাকুরগাঁও জেলা সংবাদদাতা

সারাদেশে ইবতেদায়ী স্বতন্ত্র মাদ্রাসার প্রায় ২ হাজার শিক্ষক-শিক্ষিকা এপ্রিল, মে ও জুন ২০০৫ তিন মাসের মাত্র ৫শ' টাকা হিসেবে মোট ১৫শ' টাকার মাসিক ভাতা থেকে

বঞ্চিত হতে চলেছে। এই মাদ্রাসাগুলোর ভাতা কেবল সোনালী ব্যাংকের মাধ্যমে সারা দেশের শিক্ষক-শিক্ষিকাদের প্রদান করা হয়। দীর্ঘ প্রায় ৭-৮ বছর ধরে শিক্ষক-শিক্ষিকাদের নামে ভাতা, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রদান করা হতো। সম্প্রতি ঢাকায় সোনালী ব্যাংকের মহা ব্যবস্থাপনা পরিচালকের দফতর থেকে সর্কুলার জারি করেছে যে, স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাদের নামের পাশে অবশ্যই ব্যাংকহিসাব নম্বর থাকতে হবে। অন্যথায় কোন শিক্ষক-শিক্ষিকাকে মাসিক ভাতার অনুদানের টাকা প্রদান করা যাবে না। ফলে সারাদেশের শিক্ষক-শিক্ষিকা মাসিক বেতন ভাতা পাবেন না। এতে করে শুরু হয়েছে শিক্ষক-শিক্ষিকাদের নানারকম হুসরানি। উপজেলা নির্বাহী অফিসারদের অফিসে এবং সোনালী ব্যাংকের সাথে চলছে নানারকম মেন দরবার ও তদবির। কোন কোন উপজেলা নির্বাহী অফিসের অফিস সহকারীরা ৫শ' টাকা শিক্ষক-শিক্ষিকাদের কাছ থেকে আদায় করছেন এবং এদের সাথে পূর্ণ সহযোগিতা করছে ইবতেদায়ী মাদ্রাসার তথাকথিত একটি সমিতি। যারা ৫শ' টাকা দিতে সক্ষম হয়েছেন, তাদের এমপিও রূপিতে ব্যাংক হিসাব নম্বর সংযোজন করে ইউএনও'র চিঠি নিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে সমিতির নেতারা হাতে হাতে নিয়ে গেছে বলে জানা গেছে। এ ব্যাপারে ঠাকুরগাঁও জেলার হামিয়াতুল মোদারেরহীনের নেতারা ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাদের সহযোগিতা করছেন। কারণ এ জেলার সভাপতি একটি রাজনৈতিক দলের সংগঠনে যোগ দিয়েছে বলে ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকারা হামিয়াতুল মোদারেরহীনের ঠাকুরগাঁও শাখার সাথে যোগাযোগ ছিন্ন করেছে। এই মাদ্রাসার

শিক্ষক-শিক্ষিকারা হামিয়াতুল মোদারেরহীনের নতুন কমিটি গঠনের দাবি জানিয়েছে। অপরদিকে ঠাকুরগাঁও সদর উপজেলার নির্বাহী অফিসারের অফিস সহকারী আব্দুর রহিমকে ৫শ' টাকা উৎকোচ না দেয়ার বিলম্ব খারক নং-১৪২৭, তাং ২৬ জুলাই এমপিও রূপিতে ব্যাংক হিসাব নম্বর সংযোজনের চিঠি ২৭ জুলাই তারিখে প্রদান করেছে। ফলে খারকের চিঠি বহনকারী শিক্ষক আর মাসিক ভাতা পাবেন না বলে কান্নায় ভেসে পড়েন। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে যোগাযোগ করলে তিনি অফিস সহকারীর বিরুদ্ধে ব্যবস্থা নিবেন বলে জানান।